


মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ে

সন্মানিত গ্রাহকবৃন্দের সদয় অবগতির জন্য

১. অপরাধলব্ধ অর্থ বা সম্পত্তির অবৈধ উৎস গোপন বা আড়াল করার প্রচেষ্টা ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধকল্পে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ সালের সংশোধনী সহ) জারী করা হয়েছে।
২. মানি লন্ডারিং অপরাধ দমন ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশ ব্যাংককে ক্ষমতা ও দায়িত্ব অর্পণ করা হয়েছে।
৩. অপরাধলব্ধ আয়ের প্রকৃতি, উৎস, অবস্থান, মালিকানা ও নিয়ন্ত্রণ গোপন বা আড়াল করার উদ্দেশ্যে অপরাধের সাথে সম্পৃক্ত সম্পত্তি জ্ঞাতসারে স্থানান্তর বা রূপান্তর বা হস্তান্তর এবং বৈধ বা অবৈধ উপায়ে অর্জিত অর্থ বা সম্পত্তি নিয়ম বহির্ভূতভাবে বিদেশে পাচার করা এবং জ্ঞাতসারে অপরাধলব্ধ আয়ের অবৈধ উৎস গোপন বা আড়াল করার উদ্দেশ্যে এর স্থানান্তর, বিদেশে প্রেরণ বা বিদেশ হতে বাংলাদেশে প্রেরণ বা বিদেশ হতে বাংলাদেশে প্রেরণ বা আনয়ন করাই হচ্ছে মানি লন্ডারিং অপরাধ।
৪. অনেক ক্ষেত্রে অসং ব্যক্তিবর্গ কর্তৃক উল্লেখিত অবৈধ কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মাধ্যম হিসাবে ব্যবহার করে থাকে। সুতরাং আর্থিক প্রতিষ্ঠানে এ ধরনের টাকা জমা দেয়া, টাকা উঠানো ও গ্রাহক পরিচিতি সম্পর্কিত সঠিক এবং পূর্ণাঙ্গ তথ্য প্রদানের ব্যাপারে আর্থিক প্রতিষ্ঠান সমূহকে সহযোগিতা করা আপনার নৈতিক দায়িত্ব।
৫. কোন ব্যক্তি জ্ঞাতসারে অবৈধ টাকা আর্থিক প্রতিষ্ঠানে জমা রাখলে বা নিজ পরিচিতি বা হিসাব গ্রাহকের পরিচিতি সম্পর্কে বা কোন হিসাবের সুবিধাভোগী বা নমিনী সম্পর্কে কোনরূপ মিথ্যা তথ্য প্রদান করলে ৩ বছর পর্যন্ত কারাদণ্ড বা ৫০ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডিত হতে পারে।
৬. আদালত এ আইনের অধীন অপরাধের জন্য জামিন অযোগ্য আদেশ, নির্ধারিত দণ্ড আরোপ এবং উপযুক্ত ক্ষেত্রে তদন্তাদেশ, অবরুদ্ধকরণ আদেশ, ফ্রোকাদেশ, অর্থদণ্ড এবং ক্ষতিপূরণ আদেশসহ অন্যান্য আদেশ প্রদান করতে পারে। এ ক্ষেত্রে অপরাধীর ন্যূনতম ৪(চার) বছর এবং সর্বোচ্চ ১২(বারো) বছরের কারাদণ্ড এবং অপরাধের সাথে সংশ্লিষ্ট সম্পত্তির দ্বিগুন মূল্যের সমপরিমান বা ১০(দশ) লক্ষ টাকা বা উভয় দণ্ডে দণ্ডিত হতে পারে।



মানি লন্ডারিং প্রতিরোধ আইন,
২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন,
২০০৯ (২০১২ ও ২০১৩ সালের
সংশোধনী সহ)
বাস্তবায়নে সহযোগিতা করুন



ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী (আইআইডিএফসি) লিমিটেড